

ইনতিযাৎ

ইলয়াস হায়াদার

কবিভাষ্য

মুনাজাত ১৩	৩৯ মুসাফিরখানা
একক আল্লাহ ১৪	৪০ মুক্তোর খোঁজে
মুক্তির পথ আঁকি ১৫	৪১ বগ্টন
পাটকেল ১৬	৪২ ইলম
জঞ্জাল ১৭	৪৩ আপন-পর
কাওসার ১৮	৪৪ মুহাম্মাদ
কর্মফল ১৯	৪৫ হুশিয়ারি
পেয়ারা হাবীব ২০	৪৬ একটি মানব
ফিদাকা ইয়া রাসূলুল্লাহ ২১	৪৭ হুজুর
আমাদের সা'আদাহ ২২	৪৮ যুদ্ধ করার দিন
সীরাতুন নবি ২৩	৪৯ আযাদী
রাসূল ২৪	৫১ তুই জাগ
মরুভাস্কর ২৫	৫২ মহাবিজয়
হাজার আয়াত ২৬	৫৩ দামাল ছেলে
সততা ২৭	৫৪ আসল কথা
আলসে ২৮	৫৫ ঋণ
জান্নাতি ২৯	৫৬ নফস
মিথ্যার পরিণতি ৩০	৫৭ ভাঙা হৃদয়
ফাঁদ ৩১	৫৮ কুরআন
মায়ের দুয়া ৩২	৫৯ কিংবা যেন চাঁদ
সরলতা ৩৩	৬০ শুক্রবার
সাম্য ৩৪	৬১ শুদ্ধতার সুবাস
আঘাত ৩৫	৬২ আববা
মধুলগ্ন ৩৬	৬৩ আন্মা
প্রার্থনা ৩৭	৬৪ কলম
স্বপ্ন ৩৮	৬৫ রহমের ছায়াতলে

দোজখ ৬৬
মুক্তো ৬৭
অনুরাগ ৬৮
এপিঠ ওপিঠ ৬৯
দৃশ্যপট ৭০
কা'বা ৭১
বর্ষাকাল ৭২
রমযান ৭৩
প্রতিদান ৭৪
পতিতা ৭৫
ধর্ষক ৭৬
ধনী ও নিঃস্ব ৭৭
দুরন্ত শৈশব ৭৮
গ্রামের কথা ৭৯
শরৎ রাণী ৮০
শীতবার্তা ৮১
বৃষ্টি ৮২
ফুটছে যেন ফুল দাঁতে ৮৩
মুচকি হাসি ৮৪
ছোট্ট সোনা ৮৫
বায়না ৮৬
বলতে পারো ৮৭
দুট্ট খুকী ৮৮
শিশুর পণ ৮৯
জ্বালাও মশাল ৯০
ইনতিয়ার ৯১
সত্য হয়েও কল্পনা ৯২
আদুরে টুনটুনি ৯৩
আপনি থেকে তুমি ৯৪
সুরকোকিলা ৯৫



৯৬ তুমি হেসো না ওগো
৯৭ প্রেয়সী
৯৮ খুব ভালোবাসি দিয়ো
৯৯ কবুল
১০০ মধুমাখা ফুল
১০১ জান্নাত
১০২ তুমি আসবে
১০৩ সঙ্গিনী
১০৫ প্রেমিক হাত
১০৬ সুখস্পর্শ
১০৭ প্রিয়তমা
১০৮ আসমান
১০৯ প্রথম প্রেম
১১০ আমি তো মা'কে ভালোবাসি
১১১ আলিঙ্গন
১১২ প্রভাতের গান
১১৩ অনুভূতি ছোঁয়া পুষ্পমাল্য
১২৪ কবিতায় নিবেদিত
ভালোবাসা



মুনাজাত


প্রশংসা সব মহান প্রভুর
বিশ্বের অধিপতি—
যিনি দয়াবান অতি,
যাঁর দয়া বিনে দুনিয়া-আখেরে
নেই আমাদের গতি!

হাশর দিবসে বিচারক তিনি
প্রশংসা তাঁর দ্বারে—
ফিরে আসি বারেবারে,
তাঁরই ইবাদত করি আর চাই
সাহায্য তাঁর ধারে!

সু-পথে চালাও ওগো দয়াবান
মুনাজাতে সদা বলি—
সেই পথ যেনো দলি,
যে পথে তোমার প্রিয়জন সব
যুগে যুগে গেছে চলি!

ভুল পথে প্রভু চলি নাকো যেন
শাস্তি পথের পাছে—
ভ্রান্তি ও কাঁটা আছে,
সু-পথে চলার শক্তি যাচি হে
আমরা তোমারই কাছে।

(সূরা ফাতিহা অবলম্বনে)



পেয়ারা হাবীব

শব্দ হরফ সালাম জানায়
নিত্য তাহার শানে—
তাঁর স্তুতি আর বন্দনা গাই
কাব্যে এবং গানে।

হৃদয় কাবায় তাঁহার ছবি
ফুল হয়ে রোজ ফোটে,
দরুদপাঠের জল মেখে দিই
সেই ফুলেরই ঠোঁটে।

তাঁর নামেতে ইশকে ডুবে
মজনু হয়ে যাই—
আশিক তাঁহার অন্য আমার
নাই পরিচয় নাই।

শয়নকালে চাই যে আসুক;
স্বপ্নে আমার তিনি,
তাঁর মোবারক কদম তলে
জীবন আমার খাণী।

রক্তমাখা বদন নিয়ে
তাঁর দুয়ারে এসে—
বলবো জীবন পুণ্য হলো
তোমায় ভালোবেসে।


তিনি আমার ধ্যানের হেরা
শ্রেষ্ঠ প্রেমাস্পদ—
তিনি আমার পেয়ারা হাবীব
রাসূল মুহাম্মদ।



পাঁচতা

একটি মেয়ে নষ্ট হলো—
তোমরা তাকে নষ্ট বলো!
আমার তখন কষ্ট হয়।
যৌন সাথে ক'জনই বা
টাকার লাগি-ই নষ্ট হয়।

একটি মেয়ে যে কারণে
তোমরা বলো নষ্ট হয়,
সে কারণেই একটা পুরুষ
কেনইবা সে নষ্ট নয়?!



তুমি আসবে

আমি জানি তুমি আসবে।
তুমি আসবে বসন্তের বাহার নিয়ে;
তুমি আসবে ফাল্গুনের কৃষ্ণচূড়া হয়ে—
আমার শুভ্রাকাশে রক্তিম শাড়ি গায়ে!

আমি জানি তুমি আসবে।
তুমি আসবে বসন্তের কোকিল হয়ে;
তুমি আসবে হেমন্তের মিষ্টি সকাল হয়ে—
শিশিরস্নাত কুঞ্জবনে!

আমি জানি তুমি আসবে।
তুমি আসবে বর্ষার সাদা শাপলা হয়ে;
তুমি আসবে শরতের এক বিকেল হয়ে—
কাশবনের শুভ্রতা জড়িয়ে!

আমি জানি তুমি আসবে।
তুমি আসবে বর্ষার প্রথম কদম হয়ে;
তুমি আসবে গ্রীষ্মের খরতাপে—
একটুকরো ছায়া হয়ে, একটুখানি মায়া হয়ে!

আমি জানি তুমি আসবে!
আমি জানি— তুমি আসবেই!!